# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৭৭৫

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২২. যারা বলেন, সুবহানাকা আল্লাহুম্মা ওয়া বিহামদিকা বলে সালাত শুরু করতে হবে

باب مَنْ رَأَى الاِسْتِفْتَاحَ بِسُبْحَانَكَ اللَّهُمَّ وَبِحَمْدِكَ

আরবী

حَدَّثَنَا عَبْدُ السَّلاَمِ بْنُ مُطَهَّرٍ، حَدَّثَنَا جَعْفَرٌ، عَنْ عَلِيِّ بْنِ عَلِيٍّ الرِّفَاعِيِّ، عَنْ أَبِي الْمُتَوَكِّلِ النَّاجِيِّ، عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ، قَالَ كَانَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم إِذَا قَامَ مِنَ اللَّيْلِ كَبَّرَ ثُمَّ يَقُولُ " سُبْحَانَكَ اللَّهُمَّ وَبِحَمْدِكَ وَتَبَارَكَ اسْمُكَ وَتَعَالَى جَدُّكَ وَلاَ إِلَهَ غَيْرُكَ " . ثُمَّ يَقُولُ " لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ " . ثَلاَثًا ثُمَّ يَقُولُ " اللَّهُ أَكْبَرُ كَبِيرًا " . ثَلاَثًا " أَعُوذُ بِاللَّهِ السَّمِيعِ الْعَلِيمِ مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ مِنْ هَمْزِهِ وَنَفْخِهِ وَنَفْثِهِ " . ثُمَّ يَقْرَأُ .

- صحيح

قَالَ أَبُو دَاوُدَ وَهَذَا الْحَدِيثُ يَقُولُونَ هُوَ عَنْ عَلِيِّ بْنِ عَلِيٍّ عَنِ الْحَسَنِ مُرْسَلاً الْوَهَمُ مِنْ جَعْفَرٍ

বাংলা

৭৭৫। আবূ সাঈদ আল-খুদরী (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম রাতে সালাতের জন্য দন্ডায়মান হলে তাকবীরে তাহরীমা বলার পর এই দু'আ পড়তেনঃ ’’সুবহানাকা আল্লাহুম্মা ওয়া বিহামদিকা ওয়া তাবারাকাসমুকা ওয়া তা’আলা জাদ্দুকা ওয়া লা ইলাহা গায়রুকা।’’ অতঃপর তিনবার ’’লা-ইলাহা ইল্লাল্লাহ’’ ও তিনবার ’’আল্লাহু আকবার কাবীরান’’ বলার পর ’’আ’উযু বিল্লাহিস সামি’ইল-’আলীমি মিনাশ-শয়তানির রজীম মিন হামযিহি ওয়া নাফখিহি ওয়া নাফসিহি’’ বলতেন। তারপর কিরাত পাঠ করতেন। [1]

সহীহ।

## English

Narrated AbuSa'id al-Khudri:

When the Messenger of Allah (ﷺ) got up to pray at night (for tahajjud prayer) he uttered the takbir and then said: "Glory be to Thee, O Allah," and "Praise be to Thee" and "Blessed is Thy name," and Exalted is Thy greatness." and "There is no god but Thee." He then said: "There is no god but Allah" three times; he then said: "Allah is altogether great" three times: "I seek refuge in Allah, All-Hearing and All-Knowing from the accursed devil, from his evil suggestion (hamz), from his puffing up (nafkh), and from his spitting (nafth)" He then recited (the Qur'an).

Abu Dawud said: It is said that this tradition has been narrated by 'Ali b. 'Ali from al-Hasan omitting the name of the Companion of the Prophet (ﷺ). The misunderstanding occurred on the part of Ja'far.

ফুটনোট

[1] তিরমিযী (অধ্যায়ঃ সালাত, অনুঃ সালাত শুরুর সময় যা বলবে, হাঃ ২৪২, ইমাম তিরমিযী বলেন, এ অনুচ্ছেদে আবূ সাঈদের হাদীসটি অধিক সহীহ), ইবনু মাজাহ (অধ্যায়ঃ সালাত ক্বায়িম, অনুঃ সালাতে আশ্রয় প্রার্থনা করা, হাঃ) ইবনু জুবাইর বিন মুত্ব‘য়িম সূত্রে তার পিতা থেকে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=58093

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন